

নথি নং -১৪.৩১.০০০০.০২৯.০৮.০০৫.১৮.৬১৫

তারিখ : ১০/১২/২০১৮খ্রিঃ।

অফিস আদেশ

১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী জনাব মোঃ আব্দুল গাফফার, রানার, মান্দা-বর্দপুর লাইন সংযুক্ত দামকুড়া হতে কাকনহাট লাইন, রাজশাহী সৌদি আরবে পবিত্র ওমরা হজ্জ পালনের উদ্দেশ্যে স্ত্রীসহ ১৬/১২/২০১৮খ্রিঃ তারিখ হতে ০২/০১/২০১৯খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৮ (আঠার) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সৌদি আরব ভ্রমণের অনুমতি প্রদান করা হলো।

- (ক) এ অনুমোদন কেবল একবার সৌদি আরব ভ্রমণের জন্য প্রযোজ্য হবে;
- (খ) আলোচ্য ভ্রমণ সংশ্লিষ্ট যাবতীয় খরচ তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন, এতে বাংলাদেশ সরকারের কোনো দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না;
- (গ) মঞ্জুরকৃত ছুটি কোনোক্রমেই বর্ধিত করা যাবে না; অত্যাবশ্যিকীয় কারণে ছুটি বর্ধিত করার প্রয়োজন হলে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস মারফত উক্ত আবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।
- (ঘ) তিনি ছুটিকালীন বেতন-ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন;
- (ঙ) অনুমোদিত সময়ের মধ্যে তিনি যথানিয়মে দেশে ফিরে স্বীয় কর্মস্থলে যোগদান করবেন।

স্বাক্ষরিত/-

(এস.এম শাহাব উদ্দীন)  
পরিচালক (কর্মী ও সংস্থাপন)  
ফোন-৯৫৫৮০৪০।

নথি নং -১৪.৩১.০০০০.০২৯.০৮.০০৫.১৮.৬১৫

তারিখ : ১০/১২/২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৩। পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী। তাঁর পত্র নং-১৪.৩১.৮১০০.৩১৩.২৫.০০৮.১৮; তারিখঃ ২৬/১১/২০১৮ খ্রিঃ এর বরাতে।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (ডাক), ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা (ডাক বিভাগের ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৬-৮। ইমিগ্রেশন কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/ ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ৯। জনাব মোঃ আব্দুল গাফফার, রানার, মান্দা-বর্দপুর লাইন সংযুক্ত দামকুড়া হতে কাকনহাট লাইন, রাজশাহী।
- ১০। অফিস কপি।

(মোঃ আব্দুল হামিদ)  
শাখা কর্মকর্তা (সংস্থাপন)  
ফোন : ৯৫৬৮৪১৫।